অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/18/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

চলমান COVID-19 প্যানডেমিক পরিস্থিতিতে, গভর্নর কুউমো নিউ ইয়র্ক পোতাশ্রয়ে 1,000 শয্যার হাসপাতাল ভিত্তিক জাহাজ 'USNS COMFORT' মোতায়নের নির্দেশ দিয়েছেন

USNS Comfort-এর ছবির জন্য দেখুন USNS Comfort-এর ছবির জন্য দেখুন এখানে

অত্যাবশ্যক নয় এমন ব্যবসাগুলোর জন্য বাড়ি থেকে কাজ করার কর্মপন্থা বাস্তবায়নের জন্য নির্বাহী আদেশ জারি করা হয়েছে যা 20 মার্চ, শুক্রবার থেকে কার্যকর হবে

যে ব্যবসাসমূহের অফিসে কর্মচারিবৃন্দের অবস্থান আবশ্যক তাদের অবশ্যই অফিসে কর্মীদের সংখ্যা 50 শতাংশ কমাতে হবে

প্রয়োজনীয় পরিষেবাদিগুলোর জন্য তৈরি ব্যতিক্রম - জাহাজ শিল্প, গুদাম, মুদি ও খাদ্য উৎপাদন, ফার্মেসি, গণমাধ্যম, ব্যাংক এবং সম্পর্কিত আর্থিক প্রতিষ্ঠান এবং সরবরাহের জন্য প্রয়োজনীয় ব্যবসা এর অন্তর্ভুক্ত

নিউ ইয়র্ক স্টেটে আরও 1,008 টি করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করা হয়েছে - যা স্টেটব্যাপী মোট আক্রান্তের সংখ্যাকে 2,382-এ উন্নীত করে; নতুন ঘটনাসমূহ 20টি কাউন্টিতে

হাসপাতালে রোগীর স্ফীতি সামর্থ্য নিয়ে আলোচনা করতে গভর্নর আজ সেনাবাহিনীর প্রকৌশলী বিভাগের সাথে বৈঠক করবেন

চলমান করোনাভাইরাস ডিজিজ 2019 (COVID-19) প্যানডেমিকের মধ্যে, গভর্নর কুউমো নিউ ইয়র্ক পোতাশ্রয়ে মার্কিন যুক্তরাষ্ট্রের নৌ জাহাজ কমফোর্ট (USNS COMFORT) মোতায়নের নির্দেশ দিয়েছেন যা এপ্রিলে পৌঁছাবে বলে আশা করা যাচ্ছে। 1000 শয্যা বিশিষ্ট এই হাসপাতাল ভিত্তিক জাহাজে 12 টি সম্পূর্ন-সজ্জিত অস্ত্রোপচারের কক্ষ রয়েছে এবং তা নিউ ইয়র্কের হাসপাতালে রোগীর চাপ সামলানোর ক্ষমতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করবে। গভর্নর আজ নিউ ইয়র্কের হাসপাতালের সক্ষমতা বাড়ানোর উপায় নিয়ে আলোচনা করতে সেনাবাহিনীর প্রকৌশলী বিভাগের নেতৃস্থানীয়দের সাথে বৈঠক করবেন।

গভর্নর কুউমো আরও ঘোষণা করেছেন যে তিনি একটি নির্বাহী আদেশ জারি করবেন অপরিহার্য নয় এমন ব্যবসাগুলোর ক্ষেত্রে বাড়ি থেকে কাজ করার কর্মপন্থা বাস্তবায়নের জন্য যা সক্রিয় হবে শুক্রবার, 20 মার্চ থেকে। যে ব্যবসাসমূহ অফিসে কর্মচারিবৃন্দের অবস্থানের উপর নির্ভর করে তাদের অবশ্যই অফিসে কর্মীদের সংখ্যা 50 শতাংশ কমাতে হবে। এই নির্বাহী আদেশে জাহাজ শিল্প, গণমাধ্যম, গুদামজাতকরণ, মুদি ও খাদ্য উৎপাদন, ফার্মেসি, স্বাস্থ্যসেবা সরবরাহকারী, ইউটিলিটি, ব্যাংক এবং সম্পর্কিত আর্থিক প্রতিষ্ঠানসমূহ এবং সরবরাহ শৃঙ্খলার জন্য জরুরি অন্যান্য শিল্পসহ প্রয়োজনীয় পরিষেবা শিল্পকে অব্যাহতি দেওয়া হয়েছে।

"আমরা এই মহামারীটির বিরুদ্ধে যুদ্ধ করছি এবং আমরা জানি যে এটি বন্ধ করার সবচেয়ে কার্যকর দুটি উপায় হচ্ছে ঘনত্ব হ্রাস করা এবং আমাদের হাসপাতালের সক্ষমতা বৃদ্ধি করা যাতে আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থা উপহত না হয়ে পরে," **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্কে USNS কমফোর্ট নিয়োজিত করা একটি অসাধারণ তবে প্রয়োজনীয় পদক্ষেপ যা আমাদের স্টেটে COVID-19 রোগীদের উপচে পড়া সামলানোর ক্ষমতা রাখে এবং ভাইরাসটির সংক্রমণ রোধে আমাদের প্রচেষ্টা চালিয়ে যেতে সহায়তা করে। বেসরকারী খাতের সাথে অংশীদারিত্বে জন্য গৌণ কর্মীদের বাড়ি থেকে কাজ করা প্রয়োজন যা অবস্থার উন্নতির দিকে অনেকাংশে এগিয়ে নিয়ে যাবে। আমার এক নম্বর অগ্রাধিকার হল জনস্বাস্থ্যের সুরক্ষা দেয়া যাতে নতুন ঘটনাগুলোর ঢেউ আমাদের হাসপাতাল ব্যবস্থার পতন ঘটাতে না পারে এবং আমরা এই লক্ষ্য অর্জনের জন্য প্রয়োজনীয় যেকোন পদক্ষেপ গ্রহণ চালিয়ে যাব।"

পরিশেষে, গভর্নর কুউমো আরও 1,008টি করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেটে স্টেট রাজুজুড়ে মোট আক্রান্তের সংখ্যাকে 2,382 -এ উন্নীত করে। মোট 2,382 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

অবৈধ কাউন্টি: 36 (13টি নতুন)
এলিগ্যানি কাউন্টি: 2
ব্রোম কাউন্টি: 1
চেঙ্গো কাউন্টি: 1 (1টি নতুন)
ক্লিনটন কাউন্টি: 1
ডিলাউর কাউন্টি: 1
ডাচেস কাউন্টি: 20 (4টি নতুন)
ইরি কাউন্টি 7
এসেক্স কাউন্টি: 1 (1টি নতুন)
গ্রিন কাউন্টি: 2
হ্যামিল্টন কাউন্টি: 1 (1টি নতুন)
হারকিমার কাউন্টি: 1
মনরো কাউন্টি: 14 (4টি নতুন)
মন্টগোমারি কাউন্টি: 2 (1টি নতুন)
নাসাউ কাউন্টি: 183 (52টি নতুন)

নিউ ইয়র্ক সিটি: 1339 (695টি নতুন)
ওয়ানন্ডগা কাউন্টি: 2
অন্টারিও কাউন্টি: 1
অরেঞ্জ কাউন্টি: 32 (17টি নতুন)
পুতনাম কাউন্টি: 2
রেনসলায়ার কাউন্টি: 4 (3টি নতুন)
রকল্যান্ড কাউন্টি: 30 (8টি নতুন)
সারাটোগা কাউন্টি: 14 (5টি নতুন)
স্কেনেক্টেডি কাউন্টিঃ 14 (9টি নতুন)
সাফোক কাউন্টি: 116 (32টি নতুন)
সুলিভান কাউন্টি: 1
টিওগা কাউন্টি: 1
টোম্পকিন্স কাউন্টি: 3 (1টি নতুন)
উলস্টার কাউন্টি: 9 (1টি নতুন)
ওয়ারেন কাউন্টি: 1 (1টি নতুন)
ওয়াশিংটন কাউন্টি: 1 (1টি নতুন)
ওয়েস্টচেস্টার কাউন্টি: 538 (158টি নতুন)
ওয়াইমিং কাউন্টি: 1

সোমবার থেকে শুরু করে বাড়ি থেকে কাজ করার জন্য রাজ্যের অপরিহার্য নন এমন কর্মীদের বাড়ি থেকে কাজ করার নির্দেশ দিয়েছেন গভর্নর। গভর্নর স্থানীয় সরকারগুলিকে নির্দেশ দিয়েছেন, তাদের সার্বিক জনবল 50 শতাংশ হ্রাস করতেএবং অপরিহার্য নয় এমন কর্মীদের বাড়ি থেকে কাজ করার সুযোগ করে দিতে।

এছাড়াও সোমবার, গভর্নর কুউমো, নিউ জার্সির গভর্নর ফিল মারফি এবং কানেকটিকাটের গভর্নর নেড ল্যামন্ট ত্রি-রাষ্ট্রীয় অঞ্চল জুড়ে নভেল করোনাভাইরাস - বা COVID-19-এর বিরুদ্ধে লড়াই করার জন্য একটি আঞ্চলিক পদ্ধতি ঘোষণা করেছিলেন। এই অভিন্ন মানগুলো সামাজিক এবং বিনোদনমূলক জমায়েতের জন্য 50 জন লোকের মধ্যে সীমাবদ্ধ করে এবং রেস্তোঁরা এবং বারগুলোর প্রয়োজনীয় পরিষেবা বন্ধ করে কেবল টেক-আউট ও ডেলিভারি সেবা রাখার ব্যবস্থা নেয়। এই তিনজন গভর্নর অস্থায়ীভাবে চলচ্চিত্র প্রেক্ষাগৃহ, ব্যায়ামাগার এবং ক্যাসিনো বন্ধ করেছেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন